

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



এ.পি.এ. টিমের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৭ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ৩.০০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে গত ১০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত এ.পি.এ. টিমের ২য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ১৪ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ.পি.এ. ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সঠিক ট্রাকে আছে মর্মে প্রতীয়মান হচ্ছে। তিনি আরো বলেন যে, এ বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) বার্ষিক প্রতিবেদন মূল্যায়নে তাঁদের এ.পি.এ. বাস্তবায়ন, প্রমাণক প্রস্তুত ও সংরক্ষণ এবং APAMS সফটওয়্যারে এন্ট্রির বিষয়ে দক্ষতার অভাব পরিলক্ষিত হয়েছে। তাই ২০২০-২০২১ অর্থবছরে অধিদপ্তর-দপ্তর-সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.) সঠিকভাবে বাস্তবায়ন, প্রমাণক প্রস্তুত এবং সংরক্ষণ ও APAMS সফটওয়্যারে এন্ট্রির বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। ইতোমধ্যে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সচিব মহোদয়ের সম্মতি পাওয়া গেছে এবং প্রশিক্ষণের অর্থ অগ্রিম উত্তোলনের কার্যক্রম চলমান আছে। তিনি সভাকে আরো জানান যে, বাজেট, এ.পি.এ., শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রত্যেক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে পৃথক পৃথক WhatsApp Group তৈরি করা হয়েছে। এতে কাজের গতি বৃদ্ধি পাবে এবং WhatsApp Group Messaging এর মাধ্যমে অনেক সমস্যার দ্রুত সমাধান করা যাবে। নভেম্বর ২০২০ মাসের Activity Execution Calender অনুযায়ী এ.পি.এ. বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১ এ বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.) বাস্তবায়ন, প্রমাণক প্রস্তুত ও সংরক্ষণ এবং APAMS সফটওয়্যারে এন্ট্রির বিষয়ে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে;

৩.২ এ.পি.এ. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ২.৪.২ কার্যক্রম অনুযায়ী এ বিভাগের ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এ.পি.এ. বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.১১৮

তারিখ: ১২ কার্তিক ১৪২৭

২৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) উপসচিব, এস.ডি.জি. শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)